

প্রেস বিজ্ঞপ্তি
তারিখ: ১৭/১২/২০১৯

বরাবর
বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/এসাইনমেন্ট অফিসার

মহোদয়,

কর্মজীবী নারী'র শুভেচ্ছা !

বাংলাদেশের বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাতসমূহের মধ্যে একটি অন্যতম খাত হলো অভিবাসীশ্রমিকের উপার্জন। অভিবাসীশ্রমিকের নিরাপদ অভিবাসন নিশ্চিত করতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩' প্রণয়ন করেছে। 'কর্মজীবী নারী' অভিবাসীশ্রমিকের সুরক্ষায় উক্ত আইনের প্রয়োগ, প্রয়োজনীয় পরিবর্তন ও পরিমার্জন বিষয়ে আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০১৯ উপলক্ষে ১৮ ডিসেম্বর, ২০১৯ সকাল ১১:০০ টা থেকে দুপুর ০১:৩০ টা পর্যন্ত জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে 'বর্তমানে বাংলাদেশের অভিবাসীশ্রমিকদের অবস্থা: আইন ও বাস্তবায়ন' শীর্ষক একটি সেমিনারের আয়োজন করতে যাচ্ছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট অর্থনীতিবিদ ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ফেনী-০১ আসনের সংসদসদস্য ও কর্মজীবী নারী'র প্রতিষ্ঠাতা-সভাপতি শিরীন আখতার, এমপি। উক্ত সেমিনারে অংশগ্রহণের জন্য আপনাদের আমন্ত্রণ জানাচ্ছি।

অনুষ্ঠান : কর্মজীবী নারী'র সেমিনার
বিষয় : বর্তমানে বাংলাদেশের অভিবাসীশ্রমিকদের অবস্থা: আইন ও বাস্তবায়ন
তারিখ, সময় ও স্থান : তারিখ : ১৮ ডিসেম্বর ২০১৯, বুধবার
সময় : সকাল ১১:০০ টা থেকে দুপুর ০১ :৩০ টা পর্যন্ত
স্থান: ভিআইপি লাউঞ্জ, জাতীয় প্রেসক্লাব, ঢাকা

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক / দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল / বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক / ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

আপনাদের অব্যাহত সহযোগিতার জন্য ধন্যবাদ।

রোকেয়া রফিক
নির্বাহী পরিচালক, কর্মজীবী নারী

যোগাযোগ: ১. বদরুন নাহার পলি (০১৮১৬৭১৫৪৯৩) ২. কাজী গুলশান আরা দিপা (০১৭১৬৮৬৪৪৭২)